

সংক্ষিপ্ত প্রশ্ন - নবান্ন

- বিজন ভট্টাচার্যের জন্ম কত সালে ? - ১৯১৫ সালে ।
- বিজন ভট্টাচার্যের লেখা প্রথম নাটিকা কি ? - আগুন ।
- বিজন ভট্টাচার্যের লেখা একটি উপন্যাসের নাম লেখ । - সোনালী মাছ ।
- 'নবান্ন' নাটকের মোট দৃশ্য সংখ্যা কয়টি ? - ১৫ টি ।
- 'নবান্ন' নাটক কয়টি অঙ্কে বিভক্ত ? - চারটি অঙ্কে ।
- 'নবান্ন' নাটকের প্রথম অভিনয় কতসালে হয় ? - ১৯৪৪ সালে ।
- 'নবান্ন' নাটকের প্রথম অভিনয় কোথায় হয় ? - শ্রীরঙ্গম রঙ্গমঞ্চে ।
- 'নবান্ন' নাটক কোন প্রেক্ষাপটে লেখা ? - ১৯৪২ এর আগস্ট আন্দোলন ।
- কুঞ্জ-এর স্ত্রীর নাম কি ? - রাধিকা ।
- বিনোদিনীর স্বামীর নাম কি ? - নিরঞ্জন সমাদ্দার ।
- রাধিকার একমাত্র সন্তানের নাম কি ? - মাখন ।
- কালীধন খাড়া কিসের ব্যবসা করতেন ? - চালের ব্যবসা ।
- 'নবান্ন' নাটকে 'বাঁশ ফাটার শব্দ' আসলে কি ? - এটি আসলে 'গুলির শব্দ' ।
- প্রধান সমাদ্দার-এর সহধর্মীণির নাম কি ? - পঞ্চাননী ।
- 'নবান্ন' নাটকের কোন অঙ্কে দৃশ্য সংখ্যা সবচেয়ে কম ? - তৃতীয় অঙ্কে (দুটি) ।
- 'নবান্ন' নাটকের দুটি টাইপ চরিত্রের নাম লেখ । - হারু দত্ত, দয়াল ।
- 'নবান্ন' নাটকে কয়টি গান আছে ? - তিনটি ।
- নবান্ন নাটকের গানগুলি কারা গেয়েছে ? - নিরঞ্জন, ফকির ও রমণীগন ।
- এই নাটকে 'নবান্ন' উৎসব কোন অঙ্কে দেখানো হয়েছে ? - চতুর্থ অঙ্কের তৃতীয় দৃশ্যে ।
- 'আমিনপুর' প্রকৃতপক্ষে কোন জায়গা ? - মেদিনীপুর ।
- প্রধান সমাদ্দার-এর চরিত্রে প্রথমে কে অভিনয় করেছিলেন ? - বিজন ভট্টাচার্য ।
- বিজন ভট্টাচার্য-এর লেখা দুটি নাটকের নাম লেখ । - মরাচাঁদ, দেবীগর্জন ।
- বিজন ভট্টাচার্য-এর লেখা দুটি একাঙ্ক নাটকের নাম লেখ । - সায়িক, চুল্লী ।